

# অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম-এর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শোক



অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম আজ (২৭ সেপ্টেম্বর-২০২০, রোববার) ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইল্লা লিল্লাহি ওয়া ইল্লা ইলাইহি রাজিউন)।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক ড. মীজানুর রহমান** ও কোষাধ্যক্ষ **অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ** তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

মাহবুবে আলম (৭১) এর মৃত্যুতে বাঙালি জাতি তাঁর এক শ্রেষ্ঠ সন্তান ও আইন বিশেষজ্ঞকে হারালো। তাঁর মৃত্যুতে জাতীয় আইনগনে যে শূন্যতা সৃষ্টি হল তা সহজে পূরণ হবার নয়। অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী মাহবুবে আলম যুদ্ধাপরাধীদের বিচার ও বঙ্গবন্ধু হত্যাকারীদের শাস্তি নিশ্চিত করার ক্ষেত্রে এক সাহসী ভূমিকা রেখেছেন। এজন্য বাঙালি জাতি আজীবন তাঁকে স্মরণ রাখবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহমের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছে।